একবার তোরা মা বলিয়া ডাক্ ,  জগতজনের শ্রবণ জুড়াক,
হিমাদ্রিপাষাণ কেঁদে গলে যাক— মুখ তুলে আজি চাহো রে ॥
দাঁড়া দেখি তোরা আত্মপর ভুলি,  হৃদয়ে হৃদয়ে ছুটুক বিজুলি—
প্রভাতগগনে কোটি শির তুলি  নির্ভয়ে আজি গাহো রে ॥
বিশ কোটি কণ্ঠে মা ব'লে ডাকিলে  রোমাঞ্চ উঠিবে অনন্ত নিখিলে,
বিশ কোটি ছেলে মায়েরে ঘেরিলে   দশ দিক সুখে হাসিবে ।
সেদিন প্রভাতে নূতন তপন  নূতন জীবন করিবে বপন
এ নহে কাহিনী, এ নহে স্বপন— আসিবে সে দিন আসিবে ॥
আপনার মায়ে মা বলে ডাকিলে,   আপনার ভায়ে হৃদয়ে রাখিলে,
সব পাপ তাপ দূরে যায় চলে  পুণ্য প্রেমের বাতাসে ।
সেথায় বিরাজে দেব-আশীর্বাদ— না থাকে কলহ, না থাকে বিষাদ—
ঘুচে অপমান, জেগে ওঠে প্রাণ— বিমল প্রতিভা বিকাশে ॥

---

Parjaay: Swadesh, Taal: Ektaal, Style: Kirtan
Visit www.geetabitan.com for notation and other detail